গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

উপজেলা পরিসংখ্যান কার্যালয়,

ফেঞ্চুগঞ্জ, সিলেট

www.bbs.fenchuganj.sylhet.gov.bd

স্মারক নং- ৫২.০১.৯১৩৫.০০০.৫৬.০০৮.২০-০০৪ তারিখ- ১৩/০১/২০২০ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের নিমিত্তে **ইউনিয়ন ভিত্তিক** প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধু ফেঞ্চুগঞ্জ উপজেলায় (সিলেট জেলাধীন) স্থায়ীভাবে বসবাসকারী যুব/যুবমহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রশিক্ষণ, পারিতোষিক ভাতাদি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে। | ১) ন্যূনতম এইচ এস সি পাশ/সমমান হতে হবে তবে স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা পুরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদূর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স সর্বোচ্চ ৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) ইংরেজী হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী /গণনাকারী | প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রশিক্ষণ, পারিতোষিক ভাতাদি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে। | ১) ন্যূনতম এইচ এস সি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদূর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স সর্বোচ্চ ৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) ইংরেজী হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলী:**

০১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, স্ব-স্ব ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টার, ফেঞ্চুগঞ্জ, সিলেট ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়, www.bbs.fenchuganj.sylhet.gov.bd ও www.fenchuganj.sylhet.gov.bd ওয়েব পোর্টাল থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।

০২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট (৩৫০-৪০০) টি খানার তালিকা করবেন, মূলশুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট (১০০- ১২০) টি খানার তথ্য সংগ্রহ করতে হবে।

০৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

০৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতি জোনে কমপক্ষে ৫০% মহিলা গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে।

০৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতে যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

০৭ ) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। **একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।**

০৮) সকল পদের আবেদন ফরম আগামী ২৩/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে **উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট** এ সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

০৯) আগামী **২৮/০১/২০২০** খ্রি. তারিখ ও **২৯/০১/২০২০খ্রি**. তারিখ উপজেলা হলরুম ফেঞ্চুগঞ্জ, সিলেট এ মৌখিক পরীক্ষা নেয়া হবে। তারিখ পরিবর্তন হলে ওয়েব সাইট/ অফিসের নোটিশ বোর্ডে জানা যাবে।

১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১১) মৌখিক' পরীক্ষা অংশগ্রহনের সময় সকল সনদের মূল কপি ও NID এর মূল কপি প্রদর্শন করতে হবে।

১১) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব পোর্টালেও প্রকাশ করা হবে।

১২) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।

১৩) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।

১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫) যোগাযোগ বিস্তারিত অফিসে হেল্পডেস্ক এ জানা যাবে এবং ইমেইল নং usofenchuganjbbs@gmail.com

১৩/০১/২০২০

এ, এস, এম, জাহিদুর রহমান

উপজেলা নির্বাহী অফিসার

ফেঞ্চুগঞ্জ, সিলেট

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর

গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি

স্মারক নং- ৫২.০১.৯১৩৫.০০০.৫৬.০০৮.২০-০০৪

তারিখ- ১৩/০১/২০২০ খ্রি.

অনুলিপি-কার্যার্থে / জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১।প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

০২। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস,সিলেট।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

০৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস,সিলেট।

০৫।উপজেলা ........................... কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ, সিলেট

০৬। চেয়ারম্যান,................................ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

০৭। অফিস কপি।

১৩/০১/২০২০

এ,এস,এম, জাহিদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট